



স্মারক নম্বর: ৫৬.০৪.৬১১৩.০০০.১৬.০০৩.২৩-২৫

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের জন্য আবেদন আহ্বান।

ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশের রূপান্তরের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক উন্নয়ন এবং দেশের মানব সম্পদকে বিশ্বমানের হিসেবে গড়ে তোলার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবকদের কর্মসংস্থানের নিমিত্ত ভালুকা, ময়মনসিংহ উপজেলায় ১৫ (পনের) দিনব্যাপী মোট ৬০ ঘণ্টার ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। আগ্রহী, কম্পিউটার পরিচালনায় দক্ষ ও মনযোগী এবং ১৫ (পনের) দিনের প্রশিক্ষণে নিরবচ্ছিন্নভাবে সময় দিতে সক্ষম এমন প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত সময়সূচি ও শর্তাবলী অনুসরণ পূর্বক অনলাইনে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নামঃ ডিজিটাল মার্কেটিং

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখঃ ০৫ মার্চ, ২০২৪, রাত ১১:৫৯ ঘটিকা

অনলাইন আবেদন লিংকঃ <http://surl.li/qrvrk>

প্রশিক্ষার্থীর যোগ্যতা:

- ১৮-৩৫ বছর বয়সী বাংলাদেশী নাগরিক হতে হবে।
- নূন্যতম এইচ.এস.সি পাশ ও ইংরেজীতে দক্ষ হতে হবে।
- বেসিক আইসিটি, এম.এস.ওয়ার্ড, এক্সেল, ফটোশপ/ইলাস্ট্রেটর ও কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
- ফ্রিল্যান্সিংকে পেশা হিসেবে গ্রহণ করতে ইচ্ছুক এবং নিজস্ব ল্যাপটপ আছে এমন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
- ফ্রিল্যান্সিং এ আগ্রহী ও মনযোগী এবং ১৫ (পনের) দিনের প্রশিক্ষণের নিরবচ্ছিন্নভাবে সময় দিতে সক্ষম হতে হবে।

প্রশিক্ষণের সুবিধাসমূহঃ

- প্রশিক্ষার্থীদের অভিজ্ঞ ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
- বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে বিভিন্ন প্ল্যাটফর্মে ও প্রজেক্টে কাজ করার সুযোগ থাকবে।
- সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন হলে পর সার্টিফিকেট প্রদান করা হবে।
- মার্কেটপ্লেসে আউটসোর্সিং করে বৈদেশিক মুদ্রা আয়ের সুযোগ তৈরি হবে।

শর্তাবলিঃ

- প্রশিক্ষণের জন্য অনলাইনে আবেদন করতে হবে।
- প্রশিক্ষণের প্রশিক্ষকের সকল ক্লাসের সম্মানীর খরচ সকল প্রশিক্ষার্থীদের সম্মিলিতভাবে বহন করতে হবে।
- প্রশিক্ষার্থীদের কোন প্রকার প্রশিক্ষণ ভাতা এবং টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনকৃত প্রশিক্ষার্থীদের নির্ধারিত তারিখ ও সময়ে লিখিত, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- বিস্তারিত তথ্যের জন্য bhaluka.mymensingh.gov.bd ও doict.bhaluka.mymensingh.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

তারিখঃ ১৯-০২-২০২৪

(মোঃ আতিকুর রহমান তালুকদার)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ